

# UCB ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

বিয়ানীবাজার শাখা, সিলেট।

## বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

(অর্থক্ষণ আদালত আইন, ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বিয়ানীবাজার শাখা, সাহাব ম্যানশন মার্কেট, বিয়ানীবাজার, সিলেট এর ঋণ গ্রহীতা মেসার্স নিউ ইসলামিয়া লাইব্রেরী, প্রো: মো: মিনহাজ উদ্দিন, পিতা- মৃত কুতুব উদ্দিন, ঠিকানা- ৭নং মসজিদ মার্কেট, উত্তর বিয়ানীবাজার, বিয়ানীবাজার, সিলেট কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোজার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত- ২১/১২/২০১৪ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ১৮,৮৮,৪৪৩.৮৫/- (আটার লক্ষ আটশি হাজার চারশত তেতাশি টাকা ও পঁচাত্তিশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য অগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী টিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকী সম্পত্তির তফসিল

#### তফসিল- ১

জেলা- সিলেট, থানা- বিয়ানীবাজার, মৌজা- চন্দ্রাম, জে.এল নং- ৯৯, সাবেক খতিয়ান নং- ২৮৯, নামজারী খতিয়ান নং- ২৯২/২, সাবেক দাগ নং- ৬৫৪, হাল খতিয়ান নং- ২৪৫, ডি.পি. খতিয়ান নং- ২৫০, হাল জরিপীয় দাগ নং- ৪৮৯ দাগে, মোট ৪৩ শতকের মধ্যে ০৭ শতক ৩৩ পয়েন্ট, যাহার চৌহদ্দি উত্তরে- নিজ জমি, দক্ষিণে- রাস্তা, পূর্বে- জমি (শফিক উদ্দিন) এবং পশ্চিমে- নিজ জমি।

#### তফসিল- ২

জেলা- সিলেট, থানা- বিয়ানীবাজার, মৌজা- চন্দ্রাম, জে.এল নং- ৯৯, সাবেক খতিয়ান নং- ২৮৯, নামজারী খতিয়ান নং- ২৯২/২, সাবেক দাগ নং- ৬৫৪, হাল খতিয়ান নং- ২৪৫, ডি.পি. খতিয়ান নং- ২৫০, হাল জরিপীয় দাগ নং- ৪৮৩ দাগে, মোট ৫১ শতকের মধ্যে ০৮ শতক ৬৭ পয়েন্ট, যাহার চৌহদ্দি উত্তরে- নিজ জমি, দক্ষিণে- রাস্তা, পূর্বে- জমি (শফিক উদ্দিন) এবং পশ্চিমে নিজ জমি, (উভয় দাগে সর্ব মোট- ১৬ শতক জায়গা বন্ধককৃত)

### নিলামের শর্তাবলী

- ১। আগামী ২২/০১/২০১৫ইং, বিকাল- ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ বিয়ানীবাজার শাখা, সিলেট এর রক্ষিত ব্যাঙ্ক সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ মি. এর সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর ১৫% সমপরিমাণ টাকার জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বিয়ানীবাজার শাখা, সিলেট এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- ৩। উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরপত্রদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দরদাতা তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ৫। দাখিলকৃত দরপত্রের সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপযাণ্ড বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

বিয়ানীবাজার শাখা, সিলেট।

মোবাইল : ০১৭১১৮৮৩৭৫০, টেলিফোন- ৫৬১২৮